

**মর্মান্তিক দুর্ঘটনায় নিহত শিক্ষার্থীদের পরিবারের সদস্যবৃন্দ ও স্বজনদের প্রতি শিক্ষামন্ত্রীর গভীর শোক  
শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে ধৈর্য ধারণ ও শান্ত থাকার আহ্বান**

ঢাকা, ১ আগস্ট ২০১৮

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় দুই শিক্ষার্থীর নিহত ও কয়েকজন শিক্ষার্থীর আহত হওয়ার ঘটনায় গভীর শোক ও মর্মবেদনা প্রকাশ করেছেন। তিনি বলেন, এ ধরণের অনাকাঞ্চিত দুর্ঘটনায় সহপাঠীর মৃত্যুতে কোমলমতি শিক্ষার্থীসহ আমরা শিক্ষা পরিবারের সকলে শোকার্ত।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সভাপতিত্বে আজ মন্ত্রণালয়ের সভাকক্ষে উৎবর্তন কর্মকর্তাবৃন্দ ও সংশ্লিষ্টদের সাথে এক তাৎক্ষণিক সভায় তিনি শিক্ষা পরিবারের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলের প্রতি আন্তরিক সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করেন।।

সভায় শিক্ষাসচিব মো. সোহরাব হোসাইন, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবগণ এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মো. মাহবুবুর রহমানসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

সভায় শিক্ষামন্ত্রী বলেন যে, উক্ত দুর্ঘটনার সাথে সংশ্লিষ্টদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করা এবং সড়ক পরিবহনকে সুশৃঙ্খল ও নিরাপদ করার লক্ষ্যে প্রধানমন্ত্রী ইতোমধ্যে কঠোর নির্দেশনা প্রদান করেছেন। সে অনুযায়ী স্বরাষ্ট্র মন্ত্রণালয় যথাযথ উদ্যোগ গ্রহণ করেছে এবং দোষীদের গ্রেফতার করেছে। সংশ্লিষ্ট দোষীদের সর্বোচ্চ শাস্তির বিষয়ে আইনানুস কার্যক্রম গ্রহণ অব্যাহত আছে।

সভায় মন্ত্রী শোকার্ত কোমলমতি শিক্ষার্থীদেরকে শোক সংবরণ করে শান্ত থাকা ও ধৈর্য ধারণ করার জন্য আহ্বান জানান; তিনি সংশ্লিষ্ট সকল শিক্ষক, অভিভাবক ও অন্যান্যদেরকে শিক্ষার্থীদের পাশে থেকে শিক্ষা কার্যক্রমে সহযোগিতা করার জন্য ভূমিকা রাখার জন্য বিশেষভাবে অনুরোধ জানান।

  
০১/৮/২০১৮

মোহাম্মদ আফরাজুর রহমান  
উপ-প্রধান তথ্য অফিসার  
শিক্ষামন্ত্রণালয়  
মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯